দৈনিক জনকণ্ঠ

DEC. 02 2001

পৃঃ 12 কলাম 4

# মহানগরীর ২৪ সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হবে ৮ জানুয়ারি

**শরীফুজ্জামান পিন্টু** ॥ রাজধানীর অভিজাত বেসরকারী স্কুলের পাশাপাশি সরকারী স্কুলেও শুরু হয়েছে ভর্তিপ্রক্রিয়া। বার্ষিক পরীক্ষা শেষে গোটা রাজধানী এখন যেন ভর্তিজ্বরে আক্রান্ত। ঢাকা মহানগরীর ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা আগামী ৮, ১০ ও ১২ জানুয়ারি। তিন গ্রুপে ভাগ করে এই ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা নেয়া হবে। এসব স্কুলে ভর্তির ফরম পঞ্চাশ টাকার বিনিময়ে ২২ ডিসেম্বর থেকে ৩ জানুয়ারি পর্যন্ত দেয়া হবে বলে জানালেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের পরিচালক (মাধ্যমিক) প্রফেসর খলিলুর রহমান। তিনি বললেন, আগামী ২২ ডিসেম্বর ওয়ার্কিং কমিটির সভায় এই সরকারী ২৪টি স্কুলের ভর্তি সম্পর্কিত যাবতীয় বিষয় চূড়ান্ত করে পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হবে।

এদিকে রাজধানীতে সবচেয়ে আগে ভর্তিপ্রক্রিয়া শুরু করা ভিকারুননিসা নূন স্কুলে ভর্তি ফরম বিতরণের পালা শেষ। ভর্তি পরীক্ষা আগামী ২৭. ২৮ ও ২৯ ডিসেম্বর।

*(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)*

## মহানগরীর ২৪ সরকারী

*(১২-এর পাতার পর)*

এই স্কুলে প্রথম শ্রেণীতে ভর্তি করা হবে বেইলি রোড ও ধানমণ্ডি ক্যাম্পাসের নয়টি শাখায় ৫৪০ শিশুকে। এই ৫৪০ আসনের বিপরীতে আবেদন পড়েছে ৪ হাজার ৫৩৮টি। অর্থাৎ প্রতি আসনের জন্য আবেদন করেছে প্রায় আটজন। ভিকারুননিসায় ইংলিশ মিডিয়াম ষষ্ঠ শ্রেণীতে চারটি শাখায় ভর্তি করা হবে ১৬০ জন মেয়েকে।